



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।
www.deo.bakerganj.barisal.gov.bd



স্মারক নং ৩৮.০১.০৬০৭.০০০.১৮.০০০.২২-৫৪২

তারিখ : ০১/০৮/২০২৩ খ্রি.

প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, উপজেলা নিলাম কমিটি বাকেরগঞ্জ, বরিশাল এর ০১/০৮/২০২৩ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নলিখিত ০১ (এক) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জড়াজীর্ণ পুরাতন ও ব্যবহার অযোগ্য ভবন/মালামাল আগামী ০৭/০৮/২০২৩ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল মহোদয়ের সভা কক্ষে, প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। ইচ্ছুক ক্রেতাগণকে নিম্নবর্ণিত শর্ত, তারিখ ও সময়ে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	বিদ্যালয়ের নাম
০১	চর আউলিয়াপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল।

শর্তাবলী :

- ১। নিলাম ডাকে অংশ গ্রহণকারী ব্যক্তিবর্গকে নিলাম ডাকের পূর্বে বিদ্যালয়ের মালামাল সম্পর্কে নিশ্চিত হয়ে ডাকে অংশ গ্রহণ করতে হবে।
- ২। নিলাম ডাকে অংশগ্রহণকারীদেরকে নিলামে অংশগ্রহণের জন্য জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা নগদ জামানত করে ইচ্ছুক নিলাম ডাককারীর নাম ঠিকানা ডি-সীট (তালিকা) ভুক্ত করতে হবে। নিলাম ডাক শেষ হওয়ার পর সর্বোচ্চ ডাকধারী ব্যতীত অন্যান্য সকলের জামানতের জমা ফেরৎ নিতে পারবেন।
- ৩। নির্ধারিত তারিখ বেলা ১০.০০ ঘটিকায় শুরু হয়ে সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত নাম, ঠিকানা ডি-সীট (তালিকা) ভুক্ত করতে হবে সকাল ১১.০০ ঘটিকার পর নাম ডি-সীট (তালিকা) ভুক্ত করা হবে না এবং ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
- ৪। নিলাম শেষ হওয়ার পর বিধি মোতাবেক সর্বোচ্চ ডাকধারী ভবনের মূল্য, ভ্যাট ও আয়কর প্রযোজ্য হারে ফি-সহ নিলাম ডাকের সমুদয় টাকা ৩(তিন) কর্ম দিবসের মধ্যে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে নিলাম ডাককারী কর্তৃপক্ষের নিকট কপি জমা দিবেন। উক্ত টাকা জমা দেওয়ার পরে কার্যাদেশ প্রদান করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সমুদয় টাকা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত সহ নিলাম বাতিল করা হবে এবং বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫। সর্বোচ্চ ডাকধারীর নিলামের মালামাল অপসারণের অনুমতি প্রদানের তারিখ হতে কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সমস্ত মালামাল অপসারণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে মালামাল অপসারণ করতে না পারলে জমা দানের টাকা বাজেয়াপ্তসহ নিলাম বাতিল করা হবে।
- ৬। সর্বোচ্চ ডাকধারী মালামাল অপসারণের সময় স্থাপনা চত্বরে কোন ক্ষতি হলে উহা নিজ খরচে মেরামত করে দিতে হবে।
- ৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানোর নোটিশ ব্যতিরেকে নিলাম ডাক বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করবেন।


(মোহাম্মদ শহিদুল ইসলাম)

উপজেলা শিক্ষা অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

টেলিফোন: ০২৪৭৮৮৬৯৬১৭


ই-মেইল : ueobakerbari@gmail.com

স্মারক নং ৩৮.০১.০৬০৭.০০০.১৮.০০০.২২-৫৪২

তারিখ : ০১/০৮/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল।
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, বাকেরগঞ্জ।
- ৬। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৭। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৮। সভাপতি/প্রধান শিক্ষক, চর আউলিয়াপুর সপ্রাধি, বাকেরগঞ্জ, বরিশাল।
(উল্লিখিত তারিখে যথাস্থানে যথাসময়ে উপস্থিত থাকার জন্য এবং বিষয়টি স্থানীয়ভাবে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ৯। সংরক্ষণ নথি।



(মোহাম্মদ শহিদুল ইসলাম)

উপজেলা শিক্ষা অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

টেলিফোন: ০২৪৭৮৮৬৯৬১৭

ই-মেইল : ueobakerbari@gmail.com